

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৯৮৫.০০০.১৮.০০২.১৭. ৫২৬


তারিখ:

০৮ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ওয়েবসাইটের নিরাপত্তা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) বিশ্বের বৃহত্তম তথ্য বাতায়নগুলোর অন্যতম। এটুআই জাতীয় তথ্য বাতায়নে আপনার **সাইটটি শুধুমাত্র তৈরি ও কারিগরি সহায়তার** দায়িত্ব পালন করে থাকে। **তথ্য হালনাগাদ ও কোন কোন তথ্য আপলোড হবে তার দায়িত্ব ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট অফিসের।** সংশ্লিষ্ট অফিসের আইডি থেকে বিভ্রান্তিমূলক/বিব্রতকর/অসংলগ্ন/সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন তথ্য আপলোড হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের উপর বর্তাবে। জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত বিভিন্ন ওয়েবসাইটে কোন কোন ক্ষেত্রে সাইট এডমিন ইউজারদের অসতর্কতার দরুন পাসওয়ার্ড ও আইডি লিকেজ সংক্রান্ত ঘটনার উদ্ভব হতে পারে। নিয়ত পরিবর্তনশীল প্রযুক্তির আবির্ভাব ও হ্যাকারদের দৌরাত্য বৃদ্ধির দরুন ওয়েবসাইটের নিরাপত্তা নিশ্চিতকরণ এক্ষণে পদক্ষেপ গ্রহণ করতে হবে। **কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে পাসওয়ার্ড রিসেট/প্রোফাইল আপডেট করতে হবে।** নিজ পোর্টালের ওয়েব এডমিনিস্ট্ররের প্রোফাইল (সঠিক মোবাইল নম্বর, ইমেইল, নাম, পদবী) হালনাগাদ করতে হবে। এ বিষয়টি বাস্তবায়নে সহকারী প্রোগ্রামার (০১৭১০৬৭৩৪৭০) প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারবেন। উপর্যুক্ত নির্দেশনা পালন না করলে যে কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে তার দায়ভার স্ব স্ব অফিসের উপর বর্তাবে।

বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামার জাতীয় প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে পোর্টালের অধিকতর সিকিউরিটি নিশ্চিতকরণ এবং হ্যাকিং এর মত দুর্ঘটনা এড়াতে সকলের সহযোগিতা বিনীতভাবে কামনা করছি।


২৩.০৮.২২
উপমা ফারিসা

উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোনঃ ০২৯৯৭৭৭৬০০১

email:unosarishabari@mopa.gov.com

বিতরণঃ

- ১। উপজেলা..... অফিসার।
সরিষাবাড়ী, জামালপুর।
- ২। সচিব ইউনিয়ন পরিষদ।
সরিষাবাড়ী, জামালপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। প্রকল্প পরিচালক (এটুআই), আইসিটি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জামালপুর।
- ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জামালপুর।
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫। অফিস নথি।